

### নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের স্থানে ২২টি বিভিন্ন প্রজাতির জীবিত গাছ নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে প্রকাশ্যে নিলামের মাধ্যমে আগামী ০৭/০৪/২০১৯ তারিখ বেলা ১১:০০ ঘটিকার সময় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুরে ডাক দেয়া হবে।

#### শর্তাবলীঃ

- ১। ডাকে অংশগ্রহণকারী প্রত্যেককে নগদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জামানত হিসেবে ডাক শুরুর পূর্বেই জমা দিতে হবে এবং ডাক শেষ হওয়ার পর সর্বোচ্চ ডাককারী ব্যক্তিত সকলের জামানত সাথে সাথে ফেরত প্রদান করা হবে। সর্বোচ্চ ডাককারীর জামানত ডাকের টাকার সাথে সমন্বয় করা হবে।
- ২। যার ডাক গ্রহণ করা হবে, ডাক শেষ হওয়ার সঙ্গে সঙ্গে ডাকের সমুদয় টাকা জমা দিতে হবে। অন্যথায় ডাক বাতিল বলে গণ্য হবে। ডাককারীকে ডাকের টাকার ৫% হারে আয়কর ও ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) অতিরিক্ত জমা দিতে হবে।
- ৩। উপযুক্ত কর্তৃপক্ষের মঞ্জুরী সাপেক্ষে উক্ত ডাক দেয়া হবে। যদি কোন কারণে কর্তৃপক্ষ ডাক বাতিল করে তা হলে ডাকের আদায়কৃত টাকা ডাককারীকে বিনা ক্ষতিপূরণে ফেরত নিতে হবে।
- ৪। ডাককারী নিজ দায়িত্বে গাছগুলো অপসারণ করবেন।
- ৫। ডাক পরিচালনাকারী কর্তৃপক্ষ সর্বোচ্চ ডাক গ্রহণ করিতে বাধ্য নয় ও তার কারণ দর্শাইতেও বাধ্য নয়।
- ৬। উপরোক্ত যে কোন শর্ত ভঙ্গের কারণে বা অন্য কোন কারণে কর্তৃপক্ষ ডাক বাতিল করতে পারবেন এবং ডাককারী কর্তৃক জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করতে পারবেন।
- ৭। গাছের সকল তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পাওয়া যাবে।

(মোঃ আব্দুস সালাম চৌধুরী)  
উপজেলা নির্বাহী অফিসার  
ফুলবাড়ী, দিনাজপুর।  
ফোন- ০৫৩২৭-৫৬২৩১  
ই-মেইলঃ fulbariuno@gmail.com

উপজেলা পরিষদ  
ফুলবাড়ী, দিনাজপুর।  
[www.fulbari.dinajpur.gov.bd](http://www.fulbari.dinajpur.gov.bd)

স্মারক নং- ০৫.৫৫.২৭৩৮.০০০.৭৬.০০৪.১৯- ৪৮৩

তারিখ: ০৬ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ  
২০ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

#### সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে অনুলিপি দেয়া হ'লঃ

- ১। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
- ৩। সহকারী কমিশনার (ভূমি), ফুলবাড়ী, দিনাজপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
- ৫। উপজেলা ..... কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর।
- ৬। চেয়ারম্যান, ..... (সকল) ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। নোটিশ বোর্ড।

উপজেলা নির্বাহী অফিসার  
ফুলবাড়ী, দিনাজপুর।